

অদ্ভুত

-সুচন্দ্রা ভট্টাচার্য্য

আজ হঠাৎ ইচ্ছে হল, জীবনের একটু হিসেব নিকেশ করতে-
প্রতিযোগিতার মোহে ছুটতে ছুটতে-
জীবনকে মেশিন বানিয়ে ফেলা আধুনিক মানুষ আমরা।
গগনচুম্বী স্বপ্নের তাড়নায় আকাশ ছোয়ার লোভে
মাটি থেকে দূরে সরে যাওয়া ছিন্নমূল আমরা।
আরও, আরও বেশী পাওয়ার আগ্রহে
জীবনের শান্তিবেশী বিসর্জন দেওয়া ভিখারী আমরা।
ঠকে গিয়ে প্রতারণার যন্ত্রণায় flirting এর নামে
ভালোবাসার গলা টিপে হত্যা করা পাপি আমরা।
কারোর কাছে আসাকে 'বোঝা' আর দূরে সরে যাওয়াকে 'পরাজয়'
এই ভাবনায় মোড়া অহঙ্কারী মানুষ আমরা।
নিজেকে আড়াল করে জটিলতার নাম দিয়ে -
একাকিত্বের চাঁদকের ভাঁজে আত্মকেন্দ্রিক হওয়া কলঙ্কিত মানুষ আমরা।
কৃত্রিমতা, আত্মঅভিমানের কালে জড়িয়ে
সুন্দর, সজীব জীবনকে ফিরে পেতে ব্যর্থ মানুষ আমরা।